

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
আইন শাখা
টিসিবি ভবন (৭ম তলা), ১ কাওরান বাজার, ঢাকা।
www.roc.gov.bd

স্মারক নং-২৬.০৬.০০০০.০৯৩.০২.০৯৯-১৪/৪৩

তারিখঃ ০৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
৩৯ জানুয়ারী ২০২৬ খ্রিস্টাব্দ

পরিপত্র

বিষয়ঃ সোসাইটি/সমিতি, ফাউন্ডেশন, ট্রাস্ট, ক্লাব নিবন্ধন ও নিবন্ধন পরবর্তী রিটার্ন সংক্রান্ত।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ পরিদপ্তরে দাখিলকৃত সোসাইটি/সমিতি, ফাউন্ডেশন, ট্রাস্ট ও ক্লাব কর্তৃক নিবন্ধনের আবেদন ও নিবন্ধন পরবর্তী রিটার্ন দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে নিয়োক্ত বিষয়াদি যথাযথভাবে অনুসরণপূর্বক দাখিল করতে হবে:

ক. সোসাইটি/সমিতি, ফাউন্ডেশন, ট্রাস্ট ও ক্লাব নিবন্ধন:

১. আবেদনে ব্যক্তির নাম, পিতা/মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জাতীয় পরিচয় পত্র নম্বর, জন্ম তারিখ, রেজিস্টার্ড মোবাইল নম্বর, ই-মেইল ও ই-টিআইএন যথাযথভাবে পূরণ;
২. সোসাইটি রেজিস্ট্রেশন আইন, ১৮৬০ এর ধারা-২০ অনুযায়ী উদ্দেশ্যসমূহ নির্ধারণ;
৩. সোসাইটি রেজিস্ট্রেশন আইন, ১৮৬০ এর ধারা-১৫ এর বিধান যথাযথ পরিপালনে চাঁদার হার নির্ধারণ, ব্যাংকিং চ্যানেলে চাঁদা আদায় এবং নির্বাচন সংক্রান্ত বিধান 'রুলস এন্ড রেগুলেশন' এ অন্তর্ভুক্তকরণ;
৪. যথাযথ স্বাক্ষর ও ছবি সংযোজন পূর্বক পূর্ণাঙ্গ তথ্য সম্বলিত সাবস্কাইবার পেইজ সংযুক্তকরণ;
৫. কার্যালয়ের ঠিকানার স্বপক্ষে ভাড়া চুক্তি/নিজস্ব হলে তার প্রমাণকের কপি দাখিল;
৬. ট্রাস্ট নিবন্ধনের ক্ষেত্রে রেজিস্ট্রিকৃত ট্রাস্ট দলিল দাখিল; এবং
৭. লাভজনক ও রাষ্ট্রবিরোধী কার্যক্রম পরিচালনা করা হবেনা মর্মে যৌথ অঙ্গীকারনামা (Undertaking) দাখিল।

খ. নিবন্ধিত সোসাইটি/সমিতি, ফাউন্ডেশন, ট্রাস্ট ও ক্লাবের রিটার্ন:

১. সোসাইটি রেজিস্ট্রেশন আইন ১৮৬০ ধারা-৪ এর নির্ধারিত সময়ে প্রতিবছর বার্ষিক সভা অনুষ্ঠান (এজিএম) এবং পরিচালনা পর্ষদের বার্ষিক তালিকা রেজিস্ট্রারের নিকট দাখিল;
২. 'মেমোরেন্ডাম' ও 'রুলস এন্ড রেগুলেশন' এর পরিবর্তনের ক্ষেত্রে সোসাইটি রেজিস্ট্রেশন আইন ১৮৬০ এর ধারা-১২ মোতাবেক বিশেষ সভা (special meeting) সংক্রান্ত বিধান যথাযথভাবে পরিপালন;
৩. সদস্যের ভোট নিরূপণে সোসাইটি রেজিস্ট্রেশন আইন ১৮৬০ আইনের ধারা-১৫ পরিপালনের স্বপক্ষে গৃহিত চাঁদার ব্যাংক স্টেটমেন্ট দাখিল;
৪. কার্যনির্বাহী কমিটির সদস্যের পদত্যাগ বা পদবী পরিবর্তনের ক্ষেত্রে যথাযথভাবে প্রমাণীকরণসহ কাগজাদি দাখিল;

ইহা অবিলম্বে কার্যকর হবে।


(এ.কে.এম. নূরুলবী কবির)
রেজিস্ট্রার (অতিরিক্ত সচিব)
ফোন: +৮৮ ০২-৫৫০১৩৫২৩
registrar@roc.gov.bd

বিতরণ: অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
২. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৩. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

৫. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
৬. নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ই-৮/বি-১, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
৮. মহাপরিচালক, বাণিজ্য সংগঠন, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [দৃঃ আঃ উপ সচিব, টিও-১ শাখা]
৯. প্রেসিডেন্ট, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই), ৬০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা- ১০০০।
১০. প্রেসিডেন্ট, দি ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস অব বাংলাদেশ, সিএ ভবন, ১০০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা।
১১. প্রেসিডেন্ট, দি ইনস্টিটিউট অব কন্স্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএমএবি), আইসিএমএ ভবন, নীলক্ষেত্র, ঢাকা-১২০৫।
১২. প্রেসিডেন্ট, ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারিজ অব বাংলাদেশ, পদ্মা লাইফ টাওয়ার, (৭ম ও ৮ম ফ্লোর), ১১৫ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা।
১৩. অতিরিক্ত নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১৪. মহা-পরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪, আবদুল গণি রোড ঢাকা- ১০০০।
১৫. উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য]
১৬. ডেপুটি রেজিস্ট্রার (সকল), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১৭. ডেপুটি রেজিস্ট্রার, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম, রাজশাহী এবং খুলনা।
১৮. সহকারী রেজিস্ট্রার (প্রশাসন-২), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। [এ পরিদপ্তরের সকল প্রাতিষ্ঠানিক ইউজার ও এডমিন ই-মেইলে প্রেরণের অনুরোধসহ]
১৯. সহকারী রেজিস্ট্রার, আইসিটি শাখা, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা [এ পরিদপ্তরের ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধসহ]
২০. সহকারী রেজিস্ট্রার, হিসাব শাখা, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। [প্রত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য]
২১. এক্সামিনার অব একাউন্টস এবং ইন্সপেক্টর (সকল), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
২২. কম্পিউটার অপারেটর (সকল), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
২৩. হিসাবরক্ষক এবং উচ্চমান সহকারী (সকল), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
২৪. অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক এবং রেকর্ড কিপার (সকল), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
২৫. অফিস কপি।